

CCB নেভিগেটর

CCB নেভিগেটর ব্রুকলিনবাসীদের পার্টনার প্রতিষ্ঠানগুলোর নেটওয়ার্কের সাথে যুক্ত করে যারা নিরাপদে থাকার, উন্নত মানের পরিষেবা পাওয়ার এবং স্বাস্থ্য ঝুঁকি এড়িয়ে চলার জন্য প্রয়োজনীয় পরিষেবা এবং রিসোর্স প্রদান করে থাকে। ব্রুকলিনবাসী 1-800-356-7480 নম্বরে কল করে সকল CCB নেভিগেটর পরিষেবা বিনামূল্যে পেতে পারেন।

CCB নেভিগেটরের কাছে (1-800-356-7480) নম্বরে কল দিন। CCB নেভিগেটর যাদের সাথে আপনাকে যুক্ত করে দিতে পারবে:

- সোশ্যাল সার্ভিস (খাদ্য, সুবিধাসমূহ, এবং যাতায়াত)
- মানসিক স্বাস্থ্য এবং মাদক পদার্থের অপব্যবহারের বিষয়ে পরিষেবা প্রদানকারী
- ঔষধ পিকআপ এবং রিফিল সমন্বয়
- আবাসন পরিষেবা
- পরিচর্যা ব্যবস্থাপনায় বা স্বাস্থ্য সেবার সমন্বয়ে রেফারাল
- সমর্থন এবং সহায়তা প্রদান করতে পারে এমন অন্যান্য কমিউনিটি প্রোগ্রাম

CCB নেভিগেটর বিলিং, ইনস্যুরেন্স, পূর্ব অনুমোদন, এবং ঔষধের সমন্বয় সাধনের মতো উদ্বেগের বিষয়গুলোতে সহায়তা করতে পারে না।

যখন আপনি CCB নেভিগেটরে কল করেন তখন কি হয়?

1

CCB নেভিগেটর দলের সাথে আপনাকে যুক্ত করা হবে অথবা তারা আপনাকে ফিরতি কল দিবেন

2

আপনার উদ্বেগের বিষয়গুলো সম্পর্কে আপনি নেভিগেটর দলের একজন সদস্যের সাথে কথা বলবেন

3

শুধুমাত্র আপনি পেতে চান এমন **বিনামূল্যের** রিসোর্সগুলোর জন্য রেফারাল দেওয়া হবে

4

প্রয়োজনীয় সেবাগুলো প্রদান করে অথবা এই বিষয়ে সহায়তা করে এমন প্রতিষ্ঠানের সাথে আপনাকে যুক্ত করা হবে

5

সেবাসমূহ গ্রহণ করার ক্ষেত্রে অথবা প্রক্রিয়ার পরের ধাপে যাওয়ার ক্ষেত্রে কোনো বাধ্যবাধকতা নেই